

ঐতিহ্যের ১০ দিনব্যাপী বই উৎসব শুরু

- A Monitor Desk Report

Date: 03 November, 2024



ঢাকাঃ দুই যুগের পঞ্চচলকে স্মরণীয় করে রাখতে ১০ দিনব্যাপী বই উৎসব আয়োজন করেছে প্রকাশনা সংস্থা ঐতিহ্য। ‘ঐতিহ্য বই উৎসব ২০২৪’ নামে বাংলা একাডেমি প্রাঙ্গণে এ উৎসব চলবে ২-১১ নভেম্বর পর্যন্ত প্রতিদিন বেলা ১১টা থেকে রাত ৯টা পর্যন্ত।

শনিবার (২ নভেম্বর) সকালে শিক্ষাবিদ ও ইমেরিটাস অধ্যাপক সিরাজুল ইসলাম চৌধুরী, লেখক ও গবেষক শারমিন আহমদ এবং তরুণ অনুবাদক মাহীন হক এ উৎসব উদ্বোধন করেন।

এ সময় অধ্যাপক সিরাজুল ইসলাম চৌধুরী বলেন, ‘ঐতিহ্য আমার প্রকাশক, আমাদের প্রকাশক। তারা শুধু মুনাফার দিকে খেয়াল রাখেনি, প্রকাশনার মধ্য দিয়ে সামাজিক দায়বদ্ধতারও চর্চা করেছে। আজকে বইয়ের ভবিষ্যৎ মানুষের ভবিষ্যতের মতোই ঝুঁকিপূর্ণ।

মুনাফাবাদী বিশ্ব ব্যবস্থা মানুষকে বিচ্ছিন্ন করে ফেলছে, স্বার্থপরে পরিণত করছে। মানুষ বই পড়ায় আগ্রহী না হয়ে, রক্তক্ষয়ী যুদ্ধে লিপ্ত হচ্ছে। এ অবস্থা থেকে পরিত্রাণ পেতে বাংলাদেশ এবং সারা বিশ্বের মানুষকে বইয়ের অন্তর্গত মানবিক বাণী ধারণ করেই বেঁচে থাকার ও সুস্বপ্ন পৃথিবী গড়ার লড়াই করতে হবে।’

-B